মঞ্জুরী নং- ৩৯

৪৫-পরিবেশ ও বন মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	955,94,44	269,29,52	283,11,12
উন্নয়ন	242,52,00	269,70,48	328,88,88
মোট	1198,46,44	539,00,00	612,00,00

১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

দেশের বর্তমান ও ভবিষ্যৎ জনগোষ্ঠীর বাস উপযোগী পরিবেশ নিশ্চিতকরণকল্পে বিজ্ঞানভিত্তিক ও লাগসই প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মোট বনভূমির পরিমাণ সম্প্রসারণ, বন ও বনজ সম্পদের উন্নয়ন, জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও সনাক্তকরণ, পরিবেশ দূষণ রোধ, জলবায়ু পরিবর্তন মোকাবেলা এবং টেকসই পরিবেশ উন্নয়ন।

১.২ প্রধান কার্যাবলি

(ক) পরিবেশ সংরক্ষণ, পরিবেশের মান উন্নয়ন ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ;

(খ) পরিবেশ, বন ও বন্যপ্রাণী সংক্রান্ত বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক কনভেনশন/চুক্তি/প্রটোকল-এর বাধ্যবাধকতা অনুসরণ ও বাস্তবায়ন;

(গ) পরিবেশ ও বন বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ;

(ঘ) বৃক্ষরোপণ, নতুন বন সৃজন ও পুনরুৎপাদিত বনজ সম্পদ আহরণ, সামাজিক বনায়ন কার্যক্রম বাস্তবায়ন ও উদ্ভিদ শ্রেণীবিন্যাসকরণ;

(ঙ) বনজ সম্পদ (সরকারি ও বেসরকারি) সংরক্ষণ, সম্প্রসারণ ও উন্নয়ন এবং বৃক্ষরাজির তালিকা প্রণয়ন;

(চ) বন্যপ্রাণী ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ, ইকোট্যুরিজম সম্প্রসারণ (পরিবেশ বান্ধব পর্যটন) ও অভয়ারণ্য সৃজন, ইকোপার্ক স্থাপন;

(ছ) বোটানিক্যাল গার্ডেন রক্ষণাবেক্ষণ, উদ্ভিদ প্রজাতির জরিপ, সনাক্তকরণ এবং সংরক্ষণ;

(জ) বনজ সম্পদ আহরণ, বনজ সম্পদভিত্তিক শিল্প স্থাপন এবং বাজারজাতকরণ।

২. কৌশলগত উদ্দেশ্য এবং প্রধান কার্যক্রমসমূহ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
১. জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রতিক্রিয়া হ্রাস এবং অভিযোজন (Adaptation) কৌশল বাস্তবায়ন	• জলবায়ুর পরিবর্তন মোকাবেলায় প্রশিক্ষণ এবং সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ • Impact, Vulnerability and Adaptation Activity গ্রহণ • জৈব বর্জ্য হতে কার্বন/মিথেন নিঃসরণ হ্রাস করার লক্ষ্যে ৬৪ টি জেলায় সিডিএম (C.D.M.) কার্যক্রম বাস্তবায়ন করা • ওজোনস্তর ক্ষয়রোধে সক্ষমতাবৃদ্ধি (Capacity	• পরিবেশ অধিদপ্তর

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	Building) এবং সচেতনতামূলক (Awareness Building) কার্যক্রম গ্রহণ ● সি.এফ.সি.ভিত্তিক রেফ্রিজারেটর এবং ফার্মাসিটিক্যাল সেক্টরে সিএফসিভিত্তিক মিটার ডোজ ইনহেলারকে পরিবেশ বান্ধব প্রযুক্তিতে রূপান্তর	
	● উপকূলীয় বনায়ন এর মাধ্যমে জনগণের অংশগ্রহণমূলক (Community based) Adaptation কার্যক্রম গ্রহণ	● বন অধিদপ্তর
২. জীব-বৈচিত্র্য সংরক্ষণ	● National Biosafety Framework বাস্তবায়ন ● 'পরিবেশগত সংকটাপন্ন' এলাকা হিসেবে ঘোষিত এলাকাগুলোতে সংরক্ষণ কার্যক্রম গ্রহণ এবং জীববৈচিত্র্য সংরক্ষণ ব্যবস্থাপনা পরিকল্পনা (C.M.P.) অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা	● পরিবেশ অধিদপ্তর
	● বাংলাদেশ বন্যপ্রাণী সংরক্ষণ আইন এবং বন্যপ্রাণী সংরক্ষণ নীতিমালা হালনাগাদকরণ ● প্রটেক্টেড এরিয়ায় সহ-ব্যবস্থাপনা মডেল বাস্তবায়ন ● এভিয়ারী, অভয়ারণ্য, ইকোপার্ক, বোটানিক্যাল গার্ডেন এবং সাফারী পার্কে বিরল প্রজাতির উদ্ভিদ ও প্রাণী সংরক্ষণ, বাগান সৃজন, বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়ন, পরিবেশ বান্ধব অবকাঠামো নির্মাণ এবং ইকোট্যুরিজম সম্প্রসারণ	● বন অধিদপ্তর
	● উদ্ভিদ সমীক্ষা কার্যক্রম (Botanical Survey), উদ্ভিদ সনাক্তকরণ (Plant Identification) এবং উদ্ভিদ নমুনা সংরক্ষণ (Plant Specimen Preservation) কার্যক্রম বাস্তবায়ন	● বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
	● পার্বত্য চট্টগ্রামের বান্দরবান জেলা এবং রাঙ্গামাটি জেলার বৌদ্ধবিহারে বিদ্যমান গাছের তালিকা প্রণয়ন এবং সে অনুযায়ী চারা সংগ্রহ ও বাগান সৃজন	● বাংলাদেশ বন গবেষণা ইন্স্টিটিউট
৩. দূষণ নিয়ন্ত্রণ	● পরিবেশের জন্য ক্ষতিকর নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদন নিষিদ্ধকরণ, বিদ্যমান দূষণ সৃষ্টিকারী শিল্পে নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা অন্তর্ভুক্তকরণ এবং শিল্প-কারখানায় জরিপ কাজ পরিচালনা ● কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য National 3R	● পরিবেশ অধিদপ্তর

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	Strategy এবং বর্জ্য ব্যবস্থাপনার মডিউল প্রণয়ন করা এবং ঢাকা মহানগরীর চারপাশ দিয়ে প্রবাহমান বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, বালু এবং তুরাগ নদীর ব্যবস্থাপনা ও পরিবেশের সার্বিক উন্নয়ন • মোটরযানচালিত নিঃসরণ মাত্রা নিয়ন্ত্রণ এর লক্ষ্যে যানবাহনের বিরূদ্ধে অভিযান পরিচালনা এবং পরিবেশ-বান্ধব প্রযুক্তির প্রচলন • ইটভাটায় নিঃসরণ কমানোর লক্ষ্যে পরিবেশ-বান্ধব প্রযুক্তি ব্যবহারে মালিকদের উদ্বুদ্ধকরণ এবং বায়ুর মানমাত্রা পরিবীক্ষণ কেন্দ্র স্থাপন	
৪. বনভূমির সংকোচন হার হ্রাসকরণ ও বনভূমি সম্প্রসারণ	• অংশীদারিত্বমূলক ব্লক বাগান, কৃষি-বন ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় উপকূলীয় চর বনায়ন এবং ম্যানগ্রোভ বাগান সৃজন • অংশীদারিত্বমূলক স্ট্রীপ বাগান সৃজন • প্রতিষ্ঠান ও বসতবাড়ীর আঙ্গিনায় চারা রোপণ এবং জনগণের মাঝে চারা বিক্রয় ও বিতরণের মাধ্যমে Homestead Forestry এর পরিসর বৃদ্ধি করা • ব্যক্তিমালিকানাধীন ভূমিতে বনায়নের জন্য বন বিভাগ কর্তৃক জনগণকে উদ্বুদ্ধকরণ • ভেষজ উদ্ভিদ সংরক্ষণ ও সম্প্রসারণ করা	• বন অধিদপ্তর
৫. টেকসই ভূমি ব্যবস্থাপনা, ভূমির ক্ষয়রোধ এবং পাহাড় সংরক্ষণ	• বৃক্ষরোপণ, ওয়াটার শেড ম্যানেজমেন্ট এবং অবৈধভাবে পাহাড় কাটা বন্ধকরণ • টেকসই ভূমি ব্যবস্থাপনার উদ্দেশ্যে ল্যান্ড জোনিং নীতিমালা প্রণয়ন	• পরিবেশ অধিদপ্তর
৬. সরকারি সম্পদে (Common property) গরীব জনসাধারণের অংশগ্রহণ বৃদ্ধি	• খাস জমি, রাস্তার পাশে, নদীর তীর ও বাঁধে, পাহাড়ী এলাকা এবং উপকূলীয় চর অঞ্চলে সামাজিক বনায়নে দরিদ্র জনসাধারণকে সম্পৃক্তকরণ ও প্রশিক্ষণ প্রদান	• বন অধিদপ্তর
৭. বনজ সম্পদের উৎপাদন, সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিতকরণে গবেষণা পরিচালনা	• বিভিন্ন বনজ বৃক্ষ প্রজাতির গবেষণামূলক বাগান সৃজনের লক্ষ্যে প্লান্টিং ম্যাটেরিয়েল সংগ্রহ • বাঁশ প্রজাতি ও ওষধি বৃক্ষের টিস্যু কালচার পদ্ধতিতে চারা উৎপাদনের কৌশল উদ্ভাবন • গুরুত্বপূর্ণ বনজ উদ্ভিদের বীজ ও চারার পোকামাকড় ও রোগবালাই চিহ্নিতকরণ এবং রোগবালাই দমন ব্যবস্থাপনা উদ্ভাবন • প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান এবং ওয়ার্কশপ, সেমিনার, মাঠ দিবস আয়োজন	• বাংলাদেশ বন গবেষণা ইন্‌স্টিটিউট

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	করা, এডভাইজারী সার্ভিস প্রদান এবং গণমাধ্যমে প্রচার ও বিজ্ঞাপন	
৮. পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় সুশাসন প্রতিষ্ঠা, সক্ষমতা বৃদ্ধি, প্রাতিষ্ঠানিক অবকাঠামো এবং অংশিদারিত্বমূলক কার্যক্রম সম্প্রসারণ	• পরিবেশগত ব্যবস্থাপনায় ভূমিকা রাখতে N.G.O., C.B.O. এবং Private Sector এর দক্ষতা উন্নয়নের সম্ভাব্যতা যাচাইকরণ • Public এবং Private Sector এর মধ্যে Partnership উন্নয়ন ও সচেতনতা বৃদ্ধি	• পরিবেশ অধিদপ্তর

৩. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রতিক্রিয়া হ্রাস এবং অভিযোজন (Adaptation) কৌশল বাস্তবায়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ জলবায়ু পরিবর্তনজনিত বিরূপ প্রভাব মোকাবেলায় Adaptation এবং Mitigation Activity গ্রহণের ফলে প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদিতে ক্ষয়ক্ষতি হ্রাস পাবে, যা পরোক্ষভাবে দারিদ্র্যের ঝুঁকি হ্রাসে সাহায্য করবে। অন্যদিকে ওজোন ক্ষয়কারী সামগ্রীগুলো থেকে নিঃসরণ হ্রাসে টেকনিশিয়ানদেরকে প্রশিক্ষণ প্রদানের ফলে সরাসরি আত্মকর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ জলবায়ু পরিবর্তনের ফলে পানি ও কৃষির উপর বিরূপ প্রভাব পড়বে, ফলে নারীরা সবচেয়ে বেশী দুর্ভোগের শিকার হবে। অভিযোজনমূলক কার্যক্রম সামগ্রিক জনগোষ্ঠীর অংশ হিসেবে নারীদের সুস্বাস্থ্য বজায় রাখার ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে। ওজোন ক্ষয়কারী সামগ্রীগুলো থেকে নিঃস্বরণ হ্রাসে রিফ্রিজারেশন সেক্টরে টেকনিশিয়ানদের প্রশিক্ষণের ক্ষেত্রে নারীদের অন্তর্ভুক্ত করা হয়েছে, যা তাদের স্ব-স্ব কর্মক্ষেত্রে দায়িত্ব পালনে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। পরোক্ষভাবে ঔষধ শিল্পে গৃহীত প্রকল্পসমূহ পুরুষ এবং নারী উভয়ের স্বাস্থ্য সেবা নিশ্চিত করবে এবং নারীরা কর্মক্ষেত্রে দায়িত্ব পালনে সক্ষম হবে।

৩.১.২ জীব-বৈচিত্র্য সংরক্ষণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ জীব-বৈচিত্র্য সংরক্ষণে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ এবং বন্যপ্রাণী সংরক্ষণ আইন ও বন্যপ্রাণী সংরক্ষণ নীতিমালা প্রণয়নের ফলে দেশে ব্যাপক জনগোষ্ঠীর আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে এবং তা দারিদ্র্য নিরসনে বিশেষ ভূমিকা রাখবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ অংশগ্রহণমূলক জীববৈচিত্র্য সংরক্ষণ কার্যক্রমে ৫০% হতদরিদ্র ও নিঃস্ব মহিলার অংশগ্রহণের সুযোগ রাখা ও স্থানীয় পরিকল্পনা প্রণয়নের জন্য গঠিত কমিটিসমূহে ন্যূনতম ৩০% নারী প্রতিনিধিত্ব রাখায় দরিদ্র মহিলাদের আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি করবে ও সামাজিক ক্ষমতায়ন নিশ্চিত করবে।

৩.১.৩ দূষণ নিয়ন্ত্রণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ দারিদ্র্য নিরসনের উপর প্রত্যক্ষ প্রভাব নেই।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ নারী উন্নয়নে প্রত্যক্ষ প্রভাব নেই।

৩.১.৪ বনভূমির সংকোচন হার হ্রাসকরণ ও বনভূমি সম্প্রসারণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ অংশীদারিত্বমূলক ব্লক বাগান ও স্ট্রীপ বাগান সৃজন এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় উপকূলীয় চর বাগান সৃজনের ফলে সামগ্রিকভাবে দরিদ্র জনগোষ্ঠীর আয় বৃদ্ধিতে প্রত্যক্ষ প্রভাব ফেলবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ সামাজিক বনায়নে সম্পৃক্ত ব্যক্তিদের সচেতনতা বৃদ্ধি ও প্রশিক্ষণ কার্যক্রমে নারীর অংশগ্রহণ উৎসাহিতকরণ এবং বসতবাড়ীর আঙ্গিনায় চারা রোপণ ও বিতরণের ফলে নারী সমাজের বৃহৎ অংশ প্রত্যক্ষভাবে আয় সৃজন কর্মে সম্পৃক্ত হবে।

৩.১.৫. টেকসই ভূমি ব্যবস্থাপনা, ভূমির ক্ষয়রোধ এবং পাহাড় সংরক্ষণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ দেশব্যপী বৃক্ষরোপণ এবং ওয়াটার শেড ম্যানেজমেন্ট কার্যক্রমের ফলে দরিদ্র জনগোষ্ঠীর জীবনমানের উন্নয়নে পরোক্ষ প্রভাব ফেলবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ দেশব্যাপী বৃক্ষরোপণ ও পাহাড় কাটা বন্ধ রাখার কর্মসূচি সমাজের নারীদের কিছু অংশের জীবনমানের উন্নয়নে পরোক্ষ প্রভাব ফেলবে।

৩.১.৬ সরকারি সম্পদে (Common property) গরীব জনসাধারণের অংশগ্রহণ বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ সরকারি উদ্যোগে পাহাড়ী ও শাল বনাঞ্চল, উপকূলীয় চর অঞ্চল, রাস্তা, রেল ও বাঁধের ধার এবং খাস জমিতে উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি বৃহৎ জনগোষ্ঠীর আয় সৃষ্টিতে সহায়ক ভূমিকা রাখবে এবং সামগ্রিকভাবে দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ প্রভাব ফেলবে।

নারী উন্নয়নের প্রভাবঃ সরকারি সম্পদে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি করবে এবং নারীর ক্ষমতায়নে প্রত্যক্ষ প্রভাব ফেলবে।

৩.১.৭ বনজ সম্পদের উৎপাদন, সংরক্ষণ ও ব্যবহার নিশ্চতকরণে গবেষণা পরিচালনা

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ বাঁশ ও ওষধি প্রজাতির বৃক্ষের টিস্যু কালচার পদ্ধতিতে চারা উৎপাদনের কৌশল উদ্ভাবন, চারার পোকামাকড় ও রোগবালাই দমন ব্যবস্থাপনা কার্যক্রমের ফলে এবং এ সকল উদ্দেশ্যে সেমিনার, ওয়ার্কশপসহ মাঠদিবস আয়োজন করায় দরিদ্র জনগোষ্ঠীর আয় সৃষ্টিমূলক কার্যক্রম সার্বিকভাবে সংহত হবে এবং দারিদ্র্য নিরসন সহজতর হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ টিস্যু কালচার পদ্ধতিতে চারা উৎপাদন এবং এর কৌশল সম্পর্কিত প্রশিক্ষণ কার্যক্রমে নারীর অংশগ্রহণ নিশ্চিত করার বিধান দরিদ্র অঞ্চলে নারীর আয় বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে এবং নারীর ক্ষমতায়ন হবে।

৩.১.৮ পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় সুশাসন প্রতিষ্ঠা, সক্ষমতা বৃদ্ধি, প্রাতিষ্ঠানিক অবকাঠামো এবং অংশিদারিত্বমূলক কার্যক্রম সম্প্রসারণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ পরিবেশ ব্যবস্থাপনায় সরকারের পাশাপাশি এনজিও এবং ব্যক্তিখাতের অংশগ্রহণ নিশ্চিতকরণে অংশগ্রহণমূলক কর্মসূচি সম্পর্কে প্রণোদনা কার্যক্রম দারিদ্র্য নিরসনে পরোক্ষভাবে সহায়ক ভূমিকা রাখবে।

নারী উন্নয়নের উপর প্রভাব ঃ অংশীদারিত্বমূলক কার্যক্রম বাস্তবায়নে উৎসাহ সৃষ্টিমূলক প্রণোদনার ফলে সামগ্রিক জনগোষ্ঠীর অংশ হিসেবে নারীদের উন্নয়নে পরোক্ষ প্রভাব ফেলবে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
দারিদ্র্য নিরসন	৫৭০,৪৪,৬৪	১৪৬,৫৩,৮০	১৬৫,৮৩,৩৮
নারী উন্নয়ন	২৮৩,৬৪,৪৬	১০১,২৩,১১	১১৭,৭৯,৮৪

৪. অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
1. **জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলাঃ** জলবায়ূ পরিবর্তনের ফলে বিশ্বের সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। এজন্য জলবায়ূ পরিবর্তনের বিরূপ হুমকি মোকাবেলা, জলবায়ূ পরিবর্তন বিষয়ে জনসচেতনতা ও পরিবর্তিত পরিস্থিতিতে খাপ খাওয়ানোর লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে।	• জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রতিক্রিয়া হ্রাস এবং অভিযোজন (Adaptation) কৌশল বাস্তবায়ন
2. **উদ্ভিদ ও প্রাণীকূলের জীব-বৈচিত্র্যের উন্নয়ন ও সংরক্ষণঃ** জনসংখ্যা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তন ও জীবিকার কারণে জীববৈচিত্র্য বিনষ্ট হচ্ছে। পরিবেশ রক্ষার জন্য জীববৈচিত্রের সংরক্ষণ প্রয়োজন। সংরক্ষিত বনাঞ্চল বৃদ্ধি ও উন্নয়ন, বিলুপ্ত প্রায় উদ্ভিদ ও প্রাণীর অস্তিত্ব রক্ষা, বিদ্যমান প্রাণী ও উদ্ভিদ প্রজাতিসমূহ রক্ষা, পরিবেশ ও প্রতিবেশের উন্নয়ন, বন ও বন্য প্রাণীর জরিপ ও তথ্য সরবরাহের কার্যক্রম গ্রহণ এবং ইকো-ট্যুরিজম, খাদ্য শৃঙ্খল (Food Chain) এর ভারসাম্য রক্ষা, বিভিন্ন জীবকূলের মধ্যে সমতা এবং বিকল্প জীবিকা সৃষ্টির মাধ্যমে বিলুপ্তপ্রায় এবং সংকটাপন্ন উদ্ভিদ ও প্রাণী প্রজাতির উপর আহরণ চাপ কমানো এবং জনসচেতনতা সৃষ্টির মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা ও জীব নিরাপত্তা নিশ্চিত করা অত্যন্ত প্রয়োজন বিধায় এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।	• জীব-বৈচিত্র্য সংরক্ষণ
3. **দূষণ নিয়ন্ত্রণ করাঃ** পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ বাস্তবায়ন তথা দূষণ নিয়ন্ত্রণ, কঠিন ও তরল বর্জ্য ব্যবস্থাপনা পরিবেশের উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা পালন করে বিধায় এ খাতকে যথাযথ অগ্রাধিকার প্রদান করা হয়েছে।	• দূষণ নিয়ন্ত্রণ
৪. **বিদ্যমান বন সংরক্ষণ করা ও নতুন নতুন বন সৃজনঃ** ভূমির ক্ষয়রোধ, বনভূমির অবক্ষয় রোধ, নূতন জেগে উঠা চরভূমির স্থায়ীত্ব, ভূমির গুণগত মান বৃদ্ধি, পরিবর্তিত জলবায়ুর বিরূপ প্রতিক্রিয়ার ফলে সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগ হতে জানমাল রক্ষা করা, উদ্ভিদ ও প্রাণীকূলের মধ্যে জীব-বৈচিত্র্যে’র উন্নয়ন সাধন, বনভূমির আয়তন ও আচ্ছাদন বৃদ্ধি করা, দারিদ্র্য বিমোচন করা এবং বায়ুমণ্ডলে অক্সিজেনের পরিমাণ বৃদ্ধির মাধ্যমে পরিবেশে ভারসাম্য আনয়নকল্পে এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।	• বনভূমির সংকোচন হার হ্রাসকরণ ও বনভূমি সম্প্রসারণ
5. **সরকারি সম্পদে জনগণের অংশগ্রহণ ও বনজ সম্পদ বৃদ্ধিঃ** টেকসই পদ্ধতিতে বনজ সম্পদ সৃষ্টি ও বনজ সম্পদ আহরণ করা, বৃক্ষরোপণে জনগণের সচেতনতা বৃদ্ধি ও অংশগ্রহণ নিশ্চিত করা, উপকারভোগী হিসাবে সম্পৃক্ত দরিদ্র জনগণের মধ্যে লভ্যাংশ বিতরণ করার লক্ষ্যে এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।	• সরকারি সম্পদে (Common property) গরীব জনসাধারণের অংশগ্রহণ বৃদ্ধি

প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key performance indicator)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা ২০০৮-০৯	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
							২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. বনভূমির কভারেজ	৪	%	১২.৯০	১২.৮৮	১৩.০১	১৩.০১	১৩.১৪	১৩.২৮	১৩.৪২
২. বর্জ্য পরিশোধনের হার	৩	%	-	-	১০০	৭০	৭৫	৮৫	৯০
৩. ঢাকার চারপাশে নদী দূষণ রোধ	৩	মিঃগ্রাঃ/লিঃ দ্রবীভূত অক্সিজেন (ডি.ও)	-	-	৪.৫	৩.০	৩.৫	৪.০	৪.৫
৪. প্রযুক্তি হস্তান্তর	৫,৭	সংখ্যা	৫	৫	৫	৫	৫	৫	৬

৫. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল

৫.১ পরিবেশ অধিদপ্তর

৫.১.১ **সাম্প্রতিক অর্জনঃ** বিগত তিন বছরে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় জাতীয় ও স্থানীয় পর্যায়ে ৪০টিরও বেশী গবেষণা ও সচেতনতামূলক প্রকাশনা প্রকাশ ও প্রচার করা হয়েছে। বায়ুদূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে ঢাকা, চট্রগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগীয় সদরে মোট ৫টি সার্বক্ষণিক বায়ুর মানমাত্রা পরিবীক্ষণ কেন্দ্র এবং সাতক্ষীরার শ্যামনগর উপজেলায় একটি আন্তঃদেশীয় বায়ুদূষক পরিবীক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। শব্দ দূষণরোধকল্পে শব্দ দূষণ বিধিমালা, ২০০৬ জারী করা হয়েছে। জীববৈচিত্র্য সংরক্ষণে সর্বস্তরের জনগণকে সম্পৃক্ত করার লক্ষ্যে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায় ইপিএ সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। সাধারণ ও দরিদ্র জনগণকে এ কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে ৭২টি গ্রাম সংরক্ষণ দল (ভি.সি.জি.) গঠন করা হয়েছে। জীববৈচিত্র্য সংরক্ষণকল্পে সমাজভিত্তিক নার্সারী এবং মৎস্য ও বন্য প্রাণীর জন্য অভয়াশ্রম সৃষ্টি করা হয়েছে। পরিবেশ অধিদপ্তরের জনবলের সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। শিল্প দূষণরোধকল্পে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের জন্য E.I.A. গাইড লাইন এবং E.T.P. গাইড লাইন প্রস্তুত করা হয়েছে।

৫.১.২ **প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল ও কৌশলগত উদ্দেশ্য**

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. জলবায়ুর পরিবর্তন মোকাবেলায় প্রশিক্ষণ এবং সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ	• দৈনিক পত্রিকায় ১০০টি বিজ্ঞাপন প্রচার • বায়ু দূষণ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য ০৮ টি টিভি স্পট প্রচার • পরিবেশ সংক্রান্ত বিভিন্ন দিবস পালন • ৫১২ জনকে প্রশিক্ষণ প্রদান	১
২. Impact, Vulnerability and Adaptation Activity গ্রহণ	• দূষণ নিয়ন্ত্রণ, দূষণ নির্গমন হ্রাসকরণ, দূষণের ক্ষতিকর প্রভাব, ঘাতোপযোগিতা এবং অভিযোজন সংক্রান্ত কার্যক্রম বিষয়ক ১০ টি গবেষণা কার্যক্রম পরিচালনা ও প্রতিবেদন প্রকাশ	১

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৩. জৈব বর্জ্য হতে কার্বন/মিথেন নিঃসরণ হ্রাস করার লক্ষ্যে সি.ডি.এম. (C.D.M.)কার্যক্রম বাস্তবায়ন করা	• ৬৪ টি জেলায় প্রায় ২৫ কোটি টাকা ব্যয়ে ১টি সিডিএম (C.D.M.) প্রকল্পের মাধ্যমে কার্বন/মিথেন নিঃসরণ হ্রাস	১
৪. ওজোন স্তর ক্ষয়রোধে সক্ষমতাবৃদ্ধি (Capacity Building) এবং সচেতনতামূলক (Awareness Building) কার্যক্রম গ্রহণ	• ৬০০ জন টেকনেশিয়ানকে Good Servicing Practice শীর্ষক প্রশিক্ষণ প্রদান	১
৫. সি.এফ.সি.ভিত্তিক রেফ্রিজারেটর এবং ফার্মাসিটিক্যাল সেক্টরে সিএফসিভিত্তিক মিটার ডোজ ইনহেলারকে পরিবেশ বান্ধব প্রযুক্তিতে রূপান্তর	• রেফ্রিজারেটর সেক্টরে সংশ্লিষ্ট ৬০০ জনকে প্রশিক্ষণ এবং ফার্মাসিটিক্যাল সেক্টরে ২৩ টি মিটার ডোজ ইনহেলারকে পরিবেশ বান্ধব প্রযুক্তিতে রূপান্তর	১
৬. National Biosafety Framework বাস্তবায়ন	• জীবনিরাপত্তা আইন এবং বিধিমালা প্রনয়ণ ও বলবৎ করা • ১ টি Biosafety Reference ল্যাব প্রতিষ্ঠা করা • ১০টি কর্মশালা অয়োজন	২
৭. 'পরিবেশগত সংকটাপন্ন এলাকা' হিসাবে ঘোষিত এলাকাগুলোতে সংরক্ষণ কার্যক্রম গ্রহণ এবং জীববৈচিত্র্য সংরক্ষণ ব্যবস্থাপনা পরিকল্পনা (C.M.P.) অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা।	• প্রায় ২০ কোটি টাকা ব্যয়ে সংরক্ষিত এলাকার জন্য ১টি ইন্টিগেটেড প্রোটেকটেড এরিয়া কো-ম্যানেজমেন্ট প্রকল্প বাস্তবায়ন	২
৮. পরিবেশের জন্য ক্ষতিকর নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদন নিষিদ্ধকরণ, বিদ্যমান দূষণ সৃষ্টিকারী শিল্পে নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা অন্তর্ভুক্তকরণ এবং শিল্প -কারখানায় জরিপ কাজ পরিচালনা	• বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোন অথরিটির (B.E.P.Z.A.) এর সাথে একটি M.O.U. স্বাক্ষর • এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনা • Billbord এ বিজ্ঞাপন প্রচার • বৃহত্তর ঢাকায় (৪টি জেলায়) জরিপপূর্বক Decision Support System তৈরি	৩
৯. কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য National 3R Strategy এবং বর্জ্য ব্যবস্থাপনার মডিউল প্রণয়ন করা এবং ঢাকা মহানগরীর চারপাশ দিয়ে প্রবাহমান বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, বালু এবং তুরাগ নদীর ব্যবস্থাপনা ও পরিবেশের সার্বিক উন্নয়ন	• বর্জ্য হ্রাস, পুনঃব্যবহার ও পুনঃচক্রায়ন সংক্রান্ত জাতীয় কৌশল পত্র এবং বর্জ্য ব্যবস্থাপনার ৫ টি বিষয়ে মডিউল প্রণয়ন	৩

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১০. মোটরযানচালিত নিঃসরণ মাত্রা নিয়ন্ত্রণের লক্ষ্যে যানবাহনের বিরুদ্ধে অভিযান পরিচালনা এবং পরিবেশ-বান্ধব প্রযুক্তির প্রচলন	• মোটরযানচালিত নিঃসরণ মাত্রা নিয়ন্ত্রণের লক্ষ্যে ১০টি অভিযান পরিচালনা	৩
১১. ইটভাটায় নিঃসরণ কমানোর লক্ষ্যে পরিবেশ বান্ধব প্রযুক্তি ব্যবহারে মালিকদের উদ্বুদ্ধকরণ এবং বায়ুর মানমাত্রা পরিবীক্ষণ কেন্দ্র স্থাপন	• ০৬টি সার্বক্ষণিক বায়ুর মানমাত্রা পরিক্ষণ কেন্দ্র স্থাপন	৩
১২. বৃক্ষরোপণ, ওয়াটারশেড ম্যানেজমেন্ট এবং অবৈধভাবে পাহাড়কাটা বন্ধকরণ	• ১ লক্ষ চারা রোপণ • অবৈধভাবে পাহাড় কাটা বন্ধকরণ ও এ বিষয়ে দৈনিক পত্রিকায় ৩০টি বিজ্ঞাপন প্রচার	৫
১৩. টেকসই ভূমি ব্যবস্থাপনার উদ্দেশ্যে ল্যান্ড জোনিং নীতিমালা প্রণয়ন	• বরেন্দ্র এলাকায় ০১টি ভূমি ব্যবস্থাপনার পরীক্ষামূলক কার্যক্রম বাস্তবায়ন/প্রদর্শন • খসড়া ল্যান্ড জোনিং নীতিমালা প্রস্তুতকরণ	৫
১৪. পরিবেশগত ব্যবস্থাপনায় ভূমিকা রাখতে N.G.O., C.B.O. এবং Private Sector এর দক্ষতা উন্নয়নের সম্ভাব্যতা যাচাইকরণ	• ৫টি N.G.O. এর সাথে যৌথভাবে কার্যক্রম পরিচালনা • ৭২টি গ্রাম সংরক্ষণ দল (V.C.G.) এর কার্যক্রম অব্যাহত রাখা • ৩,৫০০ জন V.C.G. এর ক্ষমতা বৃদ্ধি	৮
১৫. পাবলিক এবং Private Sector এর মধ্যে Partnership উন্নয়ন ও সচেতনতা বৃদ্ধি	• Public I Private Sector এর মধ্যে Partnership উন্নয়ন ও সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে ৬টি Workshop পরিচালনা	৮

৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। পরিবেশগত ছাড়পত্র প্রদান	সংখ্যা	৮,৪৬৯	৮,৫০০	৮,৫০০	৯,০০০	৯,৫০০	১০,০০০
২। সার্বক্ষণিক বায়ুর মানমাত্রা পরিবীক্ষণ কেন্দ্র স্থাপন	সংখ্যা	০০	০১	০১	০২	০৩	০০
৩। এনফোর্সমেন্ট কার্যক্রম	সংখ্যা	১৩১	৩৫০	২৫০	৩০০	৩৫০	৪০০
৪। প্রশিক্ষণ	জন	৬০০	৬৫০	৬৫০	৬৫০	৭০০	৭৫০

৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৭,০৪,২০	৯,৮০,৯৫	১৩,৯৩,০০	১৭,৯১,০৫	২১,৪০,৩০
উন্নয়ন	২০,৯৭,০০	৩১,১৮,০০	৪১,৩২,০০	৩৬,১৮,২৬	২২,৮৮,০০
মোট	২৮,০১,২০	৪০,৯৮,৯৫	৫৫,২৫,২০	৫৪,০৯,৩১	৪৪,২৮,৩০

৫.১.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রমসমূহ
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। পরিবেশ অধিদপ্তর	১-১৫
অনুমোদিত প্রকল্পসমূহ	
১। নির্মল বায়ু ও টেকসই পরিবেশ	৪
২। কোস্টাল এন্ড ওয়েটল্যান্ড বায়োডায়ভারসিটি প্রজেক্ট এ্যাট কক্সবাজার এন্ড হাকালুকি হাওর (C.W.B.M.P.)	৮
৩। বাংলাদেশ এনভারনমেন্টাল ইন্সটিটিউশনাল স্ট্রেংদেনিং প্রজেক্ট	১৪
৪। ন্যাশনাল ওডিএস ফেজ আউট প্ল্যান- ইউ.এন.ই.পি. কম্পোনেন্ট	৪
৫। ন্যাশনাল ওডিএস ফেজ আউট প্ল্যান- ইউ.এন.ডি.পি. কম্পোনেন্ট	৪
৬। প্রিপারেশন ফর দি সেকেন্ড ন্যাশনাল কমিউনিকেশন অব বাংলাদেশ	২
৭। ফরমুলেটিং দি ন্যাশনাল স্ট্যাটেজি অন ওয়েস্ট রিডিউজ, রিইউজ এন্ড রিসাইকেল (3R) ফর বাংলাদেশ	৯
৮। ইন্সটিটিউশনাল স্ট্রেনদেনিং ফর দি ফেজ আউট অব ওজোন ডিপ্লেটিং সাবসটেন্সেস (ফেজ-৫)	৪
৯। ট্রানজিশন স্ট্রাট্রেজি ফর দি ফেজ আউট ইউজ অব সিএফসি ইন দ্যা ম্যানুফ্যাকচারিং অব মিটার্ড ডোজ ইনহেলারস ইন বাংলাদেশ	৫, ১
১০। ফেজ-আউট অব সিএফসি কনজামসন ইন দ্যা ম্যানুফ্যাকচারিং অব মিটার্ড ডোজ ইনহেলারস ইন বাংলাদেশ	১
অননুমোদিত প্রকল্পসমূহ	
১। সমন্বিত ও অংশীদায়িত্বমূলক ইসিএ ব্যবস্থাপনা প্রকল্প	২
২। পাটনারশিপ ফর ক্লিন ফুয়েল এন্ড ভেহিক্যালস	১১
৩। বাংলাদেশ এনভায়রণমেন্ট এন্ড ক্লাইমেট চেঞ্জ আউটলুক রিপোর্ট	১
৪। পরিবেশ অধিদপ্তরের প্রতিষ্ঠানিক অবকাঠামো সম্প্রসারণ ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প	৮
৫। জীবনিরাপত্তা বিষয়ক জাতীয় কর্মকাঠামো (এন.বি.এফ.) বাস্তবায়ন	৬
৬। এস্টাবলিস্টমেন্ট অব বাংলাদেশ এনভায়রনমেন্টাল রিসার্চ এন্ড ট্রেনিং ইন্সটিটিউট মনিটরিং এন্ড এনহেন্সমেন্ট অব ইন্ডাস্ট্রিয়াল পলিউশান কন্টোল	৮
৭। ই-ওয়েস্ট ম্যানেজমেন্ট ইন বাংলাদেশ	৯

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রমসমূহ
৮। কোস্টাল এন্ড ওয়েটল্যান্ড বায়োডায়ভারসিটি ম্যানেজমেন্ট প্রজেক্ট	৭
৯। প্রোগ্রামেটিক সিডিএম ফর কম্পোস্টিং ইন বাংলাদেশ	৩
১০। ফেসেলিটিং মেইনস্ট্রিমিং ক্লাইমেট রিস্ক ম্যানেজমেন্ট এন্ড এডপটেশান ইনটু ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রসেস	১
১১। ঢাকা ইনট্রিগেটেড এনভায়রণমেন্ট এন্ড ওয়াটার রিসোর্স ম্যানেজমেন্ট	৫
অননুমোদিত কর্মসূচি	
১। পরিবেশ সংরক্ষণে অংশিদারমূলক কর্মসূচি	১৫

৫.২ বন অধিদপ্তর

৫.২.১ সাম্প্রতিক অর্জনঃ পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ, ভূমি ক্ষয়রোধ, দেশের মরুময়তা রোধ এবং প্রাকৃতিক বিপর্যয় হতে উপকূলকে রক্ষা করার লক্ষ্যে বিভিন্ন ধরনের বনায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। বিগত তিন অর্থবছরে ৩৫,৩১৩.৮২ হেক্টর ব্লক বাগান, ১,৮৮৬ কি.মি. স্ট্রীপ বাগান এবং বসতবাড়ী, খামারবাড়ি, প্রতিষ্ঠানসহ অন্যান্য স্থানে ২৩,২২,০০০টি চারা বনায়ন করা হয়েছে। ব্যক্তিমালিকানাধীন ভূমিতে বনায়নের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধকরণের জন্য বন অধিদপ্তর কর্তৃক ১০,২৫,০০০টি চারা জনসাধারণের মধ্যে বিক্রয় ও বিতরণ করা হয়েছে। এ সময়ে সামাজিক বনায়নের মাধ্যমে সরকারি সম্পদে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে বন অধিদপ্তর ২২,০৭৪ জনকে সামাজিক বনায়নে প্রশিক্ষণ প্রদান করেছে। জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও বন্যপ্রাণী সংরক্ষণের জন্য বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে ১৯টি সংরক্ষিত এলাকা রয়েছে। উক্ত সংরক্ষিত এলাকার ৬টিতে সহ-ব্যবস্থাপনা মডেল বাস্তবায়ন করা হয়েছে এবং অবশিষ্ট সংরক্ষিত এলাকায় সহ-ব্যবস্থাপনা মডেল বাস্তবায়নের কার্যক্রম শুরু হয়েছে। ইকো-ট্যুরিজম প্রসারের লক্ষ্যে সুন্দরবনের কতিপয় দর্শনীয় স্থানসহ ইকোপার্ক, বোটানিক্যাল গার্ডেন এবং সাফারী পার্ককে নির্বাচন করা হয়েছে।

৫.২.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
1. উপকূলীয় বনায়ন এর মাধ্যমে জনগণের অংশগ্রহণমূলক (Community-based) Adaptation কার্যক্রম গ্রহণ	• ১২,২০০ পরিবারকে প্রশিক্ষণ প্রদান • ৬,০০০ হেক্টর ম্যানগ্রোভ বাগান সৃজন • ৭২৪ হেক্টর নন ম্যানগ্রোভ বনায়ন এবং ১,০০০ কি.মি. স্ট্রীপ বাগান সৃজন	১
2. বাংলাদেশ বন্যপ্রাণী সংরক্ষণ আইন এবং বন্যপ্রাণী সংরক্ষণ নীতিমালা হালনাগাদকরণ	• বন্যপ্রাণী সংরক্ষণে বন্যপ্রাণী আদেশ, ১৯৭৩ সংশোধনপূর্বক যুগোপযোগীকরণ	২
3. প্রটেক্টেড এরিয়ায় সহ-ব্যবস্থাপনা মডেল বাস্তবায়ন	• প্রটেক্টেড এরিয়ায় সহ-ব্যবস্থাপনা কার্যক্রম ৬টি থেকে ১৯ টিতে গ্রহণ	২
4. এভিয়ারী, অভয়ারণ্য, ইকোপার্ক, বোটানিক্যাল গার্ডেন এবং সাফারী পার্কে বিরল প্রজাতির উদ্ভিদ ও প্রাণী সংরক্ষণ, বাগান সৃজন, বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়ন, পরিবেশ বান্ধব অবকাঠামো	• নূতনভাবে ১টি ইকোপার্ক এবং ১টি সাফারী পার্ক স্থাপন	২

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
নির্মাণ এবং ইকোট্যুরিজম সম্প্রসারণ		
5. অংশীদারিত্বমূলক ব্লক বাগান, কৃষি-বন ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় উপকূলীয় চর এবং ম্যানগ্রোভ বাগান সৃজন	• ৫৩,৫০০ হেক্টর জমিতে ব্লক, কৃষি-বন, চর বাগান এবং ম্যানগ্রোভ বাগান সৃজন	৪
৬. অংশীদারিত্বমূলক স্ট্রীপ বাগান সৃজন	• স্ট্রীপ বাগান সৃজন-১৯,৯২৮ কি.মি.	৪
7. প্রতিষ্ঠান ও বসতবাড়ীর আঙ্গিনায় চারা রোপণ এবং জনগণের মাঝে চারা বিক্রয় ও বিতরণের মাধ্যমে Homestead Forestry এর পরিসর বৃদ্ধি করা	• প্রতিষ্ঠান/বসতবাড়ী বনায়ন-৪৮.৭০ (প্রায়) লক্ষ টি	৪
8. ব্যক্তিমালিকানাধীন ভূমিতে বনায়নের জন্য বন বিভাগ কর্তৃক জনগণকে উদ্বুদ্ধকরণ	• জনসাধারণের মধ্যে ৩২ লক্ষ চারা বিক্রয় ও বিতরণ	৪
9. ভেষজ উদ্ভিদ সংরক্ষণ ও সম্প্রসারণ করা	• ভেষজ উদ্ভিদ রোপণ- ০.৫০ (প্রায়) লক্ষ টি	৪
10. খাস জমি, রাস্তার পাশে, নদীর তীর ও বাঁধে, পাহাড়ী এলাকা এবং উপকূলীয় চর অঞ্চলে সামাজিক বনায়নে দরিদ্র জনসাধারণকে সম্পৃক্তকরণ ও প্রশিক্ষণ প্রদান	• ৪৭,৫০০ জন দরিদ্র জনসাধারণকে সম্পৃক্তকরণ এবং প্রশিক্ষণ প্রদান	৬

৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। ব্লক-বাগান	হেক্টর	১১,২৩৮	১৬,১৬৪	১৬,১৬৪	১৭,০০০	১৮,০০০	১৮,৫০০
২। স্ট্রীপ বাগান	কি.মি	৬১৭.১৪	৮,০৮৯	৮,০৮৯	৬,১২৮	৬,৬০০	৭,২০০
৩। বৃক্ষরোপণ	লক্ষ সংখ্যা	১.৪০৪	০.৮৬২	০.৮৬২	১.৫০	২.০০	২.৫০
৪। চারা বিক্রয়/বিতরণ	লক্ষ সংখ্যা	৪.৫০	১৪.৯৬	১৪.৯৬	১৫.০০	১৬.২০	১৭.৫০
৫। প্রতিষ্ঠান/ বসতবাড়ী বনায়ন	লক্ষ সংখ্যা	৪.০৫	১১.০৫	১১.০৫	১৩.০০	১৪.০০	১৫.০০
৬। সামাজিক বনায়নের প্রশিক্ষণ	সংখ্যা	৭,২৫১	২৪,১৬৭	২৪,১৬৭	১৫,০০০	১৬,০০০	১৬,৫০০

৫.২.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৫,২৭,৭৮	৫,৯৮,৫৬	৬,৮৮,২৩	৭,৫৭,৮৪	৮,১৬,৯২
উন্নয়ন	৩৫,৫৫,০০	৩৫,৮৮,০০	৭৪,২৯,০০	৫৪,৫১,১০	৪৫,৫৭,২০
মোট	৪০,৮২,৭৮	৪১,৮৬,৫৬	৮১,১৭,২৩	৬২,০৮,৯৪	৫৩,৭৪,১২

৫.২.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	১-১০
১। বন অধিদপ্তর	
অনুমোদিত কর্মসূচিসমূহ	
১। বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পাড়ে ইকো-পার্ক স্থাপন কর্মসূচি	২
২। সাংগু ও মাতামুহুরী সংরক্ষিত বনাঞ্চলের সুষ্ঠু ব্যবস্থাপনা ও উন্নয়ন শীর্ষক কর্মসূচি	৩
৩। সবুজ বলয় শীর্ষক কর্মসূচি	৬
৪। তিস্তা ব্যারেজ প্রকল্পের সেচ খালের পাড়, বাঁধ ও সংযোগ সড়কে বনায়ন	৫
৫। বৃহত্তর সিলেট ও কক্সবাজার জেলায় ন্যাড়াপাহাড় বনায়ন কর্মসূচি	৪
৬। জাফলং গ্রীণ পার্ক স্থাপন কর্মসূচি	৪
৭। মণ্ডোপযোগী নরম কাঠের বাগান সৃজন কর্মসূচি	৫
৮। বাগেরহাট, পিরোজপুর ও খুলনা জেলায় ঘূর্ণিঝড় সিডর পরবর্তী বনায়ন কর্মসূচি	১
৯। সুন্দরবনের অবকাঠামো পুনর্বাসন ও উন্নয়ন কর্মসূচি	২
১০। সুন্দরবনের যোগাযোগ ব্যবস্থার পুনর্বাসন ও উন্নয়ন কর্মসূচি	৩
১১। কোটবাড়ীস্থ লালমাই মৌজায় জীব-বৈচিত্র্য সমৃদ্ধিকরণ ও চিত্তবিনোদনের সুযোগ সৃষ্টি কর্মসূচি	৩
অননুমোদিত কর্মসূচিসমূহ	
১। চট্টগ্রাম দক্ষিণ বন বিভাগের খুরুশিয়া রেঞ্জের সংরক্ষিত প্রাকৃতিক বনাঞ্চলে জীব বৈচিত্র্য সংরক্ষণ ও পরিবেশ পর্যটন কর্মসূচি	৩
২। মধুটিলা ইকো-পার্ক উন্নয়ন কর্মসূচি	৪
৩। পিরোজপুর রিভারভিউ ইকো-পার্ক স্থাপন কর্মসূচি	৪
৪। টেংরাগিরি সংরক্ষিত বনাঞ্চলে ইকো ট্যুরিজম সুযোগ বৃদ্ধি	৪
৫। জাতীয় উদ্ভিদ উদ্যান ও শতাব্দীর প্রাচীন বলধা বাগানের উন্নয়ন (৪র্থপর্যায়)	৪
৬। চট্টগ্রাম জেলার মিরেরসরাই উপজেলায় ইছাখালী এলাকায় মহুরী মেরিন ইকো-পার্ক স্থাপন	৫
৭। মণ্ডোপযোগী নরম কাঠের বাগান সৃজন, বান্দরবন	৫
৮। বন বিভাগের সমতলভূমিতে অবকাঠামো সংস্কার ও সুবিধাদির উন্নয়ন শীর্ষক কর্মসূচি	৫
৯। শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম (উত্তর ও দক্ষিণ) বন বিভাগ, কক্সবাজার (উত্তর ও দক্ষিণ) বন বিভাগ এবং পার্বত্য চট্টগ্রাম (উত্তর ও দক্ষিণ) বন বিভাগে বন্যহাতীর আবাসস্থল ও হাতী ও মানুষের সম্পর্ক উন্নয়ন	৪
১০। বণ্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চলের সিলেট ও চট্টগ্রাম জোন এবং কেন্দ্রীয় অঞ্চলের ভগ্ন প্রায় রেস্ট হাউজ/পরিদর্শন বাংলোসমূহের সংস্কার, পুনর্নির্মাণ ও পুনর্বাসন শীর্ষক উন্নয়ন কর্মসূচি	৪
১১। ঢাকা সামাজিক বন বিভাগের নার্সারী উন্নয়ন, জনগণের অংশীদারিত্বে সামাজিক বনায়ন ও দারিদ্র্য নিরসন কর্মসূচি	৫

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অনুমোদিত প্রকল্পসমূহ	
১। রীডল্যান্ড সমন্বিত সামাজিক বনায়ন প্রকল্প	৫
২। উপকূলীয় চর বনায়ন প্রকল্প	৬
৩। বৃহত্তর যশোর জেলার জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও প্রাকৃতিক পরিবেশ উন্নয়ন	৪
৪। বোটানিক্যাল গার্ডেন ও ইকো-পার্ক স্থাপন, সীতাকুণ্ড, চট্টগ্রাম (২য় পর্যায়)	৪
৫। সুন্দরবন সংরক্ষিত বনাঞ্চল ব্যবস্থাপনা সহায়তা প্রদান	৩
৬। বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, কক্সবাজার এর অধিকতর উন্নয়ন	৪
৭। আগর বাগান সৃজন (১ম পর্যায়)	৪
৮। বৃহত্তর সিলেট জেলার টিলাগড় ও বড়শীজোড়া ইকো-পার্ক স্থাপন	৪
৯। ধানসিঁড়ি ইকো-পার্ক স্থাপন ও রামসাগর জাতীয় উদ্যান উন্নয়ন (সিংড়া চিত্ত বিনোদন কেন্দ্র, আশুরার বিল এলাকা ও রাণীসাগরসহ)	৪
১০। চট্টগ্রামের বাঁশখালী উপজেলা ও চুনতী অভয়ারণ্যে জীব-বৈচিত্র সংরক্ষণ ও উন্নয়ন	৪
১১। মাধবকুণ্ড জলপ্রপাত এলাকায় ইকো-পার্ক স্থাপন (২য় পর্যায়)	৪
১২। চট্টগ্রাম উত্তর বন বিভাগ এলাকার ন্যাড়া পাহাড় বনায়ন (২য় পর্যায়)	১০
১৩। বৃহত্তর রাজশাহী ও কুষ্টিয়া জেলায় বনায়নের মাধ্যমে জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও দারিদ্র্য বিমোচন	৪, ১০
১৪। পার্বত্য চট্টগ্রামের জনগণের অংশগ্রহণে সামাজিক বনায়ন ও বন সম্প্রসারণ প্রকল্প	১০
১৫। চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রকল্প-৩ (জুলাই'০৫ হতে ডিসেম্বর, ২০১০ পর্যন্ত) (প্রস্তাবিত সংশোধিত)	৬
১৬। বাঁশ, বেত ও মূর্তা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) (জুলাই'০৯ হতে জুন, ২০১৪ পর্যন্ত)	৩
কারিগরি প্রকল্প	
১। Asia Pacific Forestry Outlook the Future of Asia Pacific Forest	১
২। Re-establishing Essential Management Capacity in the Sundarban World Heritage Site following the passages of Cyclone-Sidr.	১
৩। Integrated Protected Area Co-management	৩
৪। ইনিসিয়েশন ফেজ অব দ্য শ্যামল বাংলাদেশঃ গ্রীণিং ইনিশিয়েটিভ ফর সাসটেইনেবল লাইভলিহুড অব রুরাল পুওর এন্ড বায়ো-ডাইভারসিটি কনজারভেশন প্রজেক্ট	২,৩
৫। Community Based Adaptation to Climate Change through coasstal Afforestation in Bangladesh	১
অননুমোদিত প্রকল্প	
১। সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র্য নিরসন	১০
২। Integrated Protected Area Co-management	৩
৩। বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর	৪
৪। Sheikh Russel Aviary and Recreation Park, Chittagong	৪

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৫। Sundarbans Environment and Livelihood Security (SEALS)	৪
৬। Climate Change Resilient Plantation in the Core Zone of Bangladesh	১০
৭। Livelihoods Improvement, Deforestation Chek and Climate Durable Plantation in the Buffer Zone of Bangladesh	১
৮। Restoration and Conservation of Bio-diversity in the denuded hills of Sitakunda, Miresharai, Banshkhali, Enani Protected area, Barind Dhamuirhat Sal Forest and Singra Sal Forest	২
৯। জলবায়ু পরিবর্তনের প্রতিকূল প্রভাব মোকাবেলায় উপকূলীয় এলাকায় পানি উন্নয়ন বোর্ডের বাঁধ ও তৎসংলগ্ন ভূমি বনায়ন প্রকল্প	১
১০। জলবায়ু পরিবর্তনের প্রতিকূল প্রভাব মোকাবেলায় সারাদেশব্যাপী ব্যাপক বনায়নের লক্ষ্যে চারা উত্তোলন ও বিতরণ প্রকল্প	৮

৫.৩ বাংলাদেশ বন গবেষণা ইন্‌স্টিটিউট

৫.৩.১ **সাম্প্রতিক অর্জনঃ** বনজ সম্পদ ব্যবস্থাপনা (উৎপাদন ও সংরক্ষণ) ও ব্যবহার বিষয়ে ২০টিরও অধিক গবেষণা প্রবন্ধ প্রকাশসহ উন্নত ব্যবস্থাপনার মাধ্যমে রাবার গাছে লেটেক্স (Latex) উৎপাদন বৃদ্ধি, অব্যবহারযোগ্য রাবার কাঠ দ্বারা উন্নতমানের আসবাবপত্র তৈরি, বাঁশের যোজিত পণ্য দ্বারা ফেন্সী চেয়ার টেবিল ইত্যাদি তৈরি, কাঠ ও বাঁশের দ্বারা সিমেন্ট বণ্ডেড পার্টিকেল বোর্ড উৎপাদন ইত্যাদি। উদ্ভাবিত প্রযুক্তিগুলো মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও হস্তান্তরের লক্ষ্যে ২৫টি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের মাধ্যমে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রায় ৮৫০ জন কর্মকর্তা-কর্মচারিসহ ব্যক্তি পর্যায়ে প্রশিক্ষণ প্রদানসহ পোস্টার, লিফলেট, বুকলেট, ফ্যাক্টসীট, ইত্যাদি প্রকাশ ও বিতরণ, উদ্ভাবিত প্রযুক্তি পরিচিতি বিষয়ক সেমিনার ও ওয়ার্কসপের আয়োজনসহ প্রযুক্তি ভিত্তিক টিভিস্পট এবং বিজ্ঞাপণ তৈরিপূর্বক টিভি ও সংবাদপত্রে প্রচার করা হয়েছে।

৫.৩.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. পার্বত্য চট্টগ্রামের বান্দরবান জেলা এবং রাঙ্গামাটি জেলার বৌদ্ধবিহারে বিদ্যমান গাছের তালিকা প্রণয়ন এবং সে অনুযায়ী চারা সংগ্রহ ও বাগান সৃজন	• ৪০টি বৃক্ষ প্রজাতি সংরক্ষণ	২
২. বিভিন্ন বনজ বৃক্ষ প্রজাতির গবেষণামূলক বাগান সৃজনের লক্ষ্যে প্ল্যান্টিং ম্যাটেরিয়েল সংগ্রহ	• বনজ বৃক্ষ প্রজাতির ১৩৫ হেক্টর গবেষণা বাগান সৃজন • ৬৮০ হেক্টর বাগান রক্ষণাবেক্ষণ	৭
৩. বাঁশ প্রজাতি ও ওষধি বৃক্ষের টিস্যু কালচার পদ্ধতিতে চারা উৎপাদনের কৌশল উদ্ভাবন	• ১টি মিনি প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে বাঁশ কুড়ল প্রসেসিং প্রক্রিয়া উদ্ভাবন এবং ৩০০ জনকে প্রশিক্ষণ প্রদান	৭
৪. গুরুত্বপূর্ণ বনজ উদ্ভিদের বীজ ও চারার পোকামাকড় ও রোগবালাই চিহ্নিতকরণ এবং রোগবালাই দমন	• ২৫টি বনজ বৃক্ষ প্রজাতির বীজের ও চারার রোগবালাই দমন ব্যবস্থাপনা নিরূপণ	৭

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
ব্যবস্থাপনা উদ্ভাবন		
৫. প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান এবং ওয়ার্কশপ,সেমিনার, মাঠ দিবস আয়োজন করা, এডভাইজারী সার্ভিস প্রদান এবং গণমাধ্যমে প্রচার ও বিজ্ঞাপন	• ৩,০০০ জনকে প্রশিক্ষণ • ৫০টি ওয়ার্কশপ, সেমিনার এবং মাঠ দিবস আয়োজন	৭

৫.৩.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. গবেষণামূলক বাগান সৃজন	হেক্টর	৬০	৬৫	৬০	৬৮	৬৮	৭০
২. বিতরণের জন্য চারা উৎপাদন	লক্ষ	০.৫০	১.৯০	১.৯০	২.০০	২.০০	২.০০
৩. প্রশিক্ষণ	সংখ্যা জন	৩২ ৮১৬	২৪ ১,০০০	২৪ ১,০০০	২৪ ১,০০০	২৪ ১,০০০	২৪ ১,০০০

৫.৩.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	১২,২৪,৩২	১৩,৭৩,৬৭	১৪,৮৬,০০	১৫,৬১,৫০	১৫,৮৯,৪৫
উন্নয়ন	৩,৯৩,০০	৩,৮১,০০	৩,৬৭,০০	০	০
মোট	১৬,১৭,৩২	১৭,৫৪,৬৭	১৮,৫৩,০০	১৫,৬১,৫০	১৫,৮৯,৪৫

৫.৩.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্প	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
বাংলাদেশ বন গবেষণা ইউনিট	১-৫
অনুমোদিত প্রকল্প	
১. বন বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তি উন্নয়ন ও পরিজ্ঞাতকরণ	৪-৫
২. ট্রান্সফার অব টেকনোলজি ইন ব্যাম্বু স্যুট প্রোডাকশন, প্রসেসিং এন্ড মার্কেটিং ফ্রম চায়না টু বাংলাদেশ এন্ড শ্রীলংকা	১-৩
৩. মার্কেট ডেভেলপমেন্ট অব ব্যাম্বু এন্ড রতন প্রোডাক্টস উইথ পোটেনশিয়াল	৩
অননুমোদিত প্রকল্প	
1. রিঅর্গানাইজিং এন্ড মডার্নাইজিং বাংলাদেশ ফরেস্ট রিসার্চ অর্গানাইজেশন	৩
2. ডেভেলপ এন্ড ম্যানেজমেন্ট অব ফরেস্ট ইন দি কোস্টাল এরিয়াস অব বাংলাদেশ ফর এ্যাডাপটেশন টু ক্লাইমেট চেঞ্জ	৩

৫.৪ বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

৫.৪.১ সাম্প্রতিক অর্জনঃ বিগত তিন বছরে হারবেরিয়ামের বিজ্ঞানীবৃন্দ ২১টি জেলার বিভিন্ন অঞ্চলে উদ্ভিদ জরিপ কার্যক্রম পরিচালনার মাধ্যমে প্রায় ৩,৯০০টি উদ্ভিদ নমুনা সংগ্রহ করে Taxonomic Studies এর মাধ্যমে প্রায় ১,৫০০ প্রজাতির উদ্ভিদ সনাক্ত এবং সনাক্তকৃত উদ্ভিদ প্রজাতির নমুনা বৈজ্ঞানিক পদ্ধতিতে হারবেরিয়াম কাপবোর্ডে সংরক্ষণ করা হয়েছে। Taxonomic Studies I Flora of Bangladesh প্রকাশনা কার্যক্রমের আওতায় বর্ণিত সময়ে Flora of Bangladesh Gi Fasicle No. ৫৬, ৫৭, ৫৮ প্রকাশিত হয়েছে এবং Fasicle No. ১, ২, ৩ ও ৫ পুনঃমুদ্রণ করা হয়েছে। Lauraceae পরিবারের চেকলিস্টের উপর একটি এবং বাংলাদেশের বড়ই (*Ziziphus* spp.) জাতীয় উদ্ভিদ প্রজাতিসমূহের উপর একটি গবেষণা প্রবন্ধ Bangladesh Journal of Plant Taxonomy-তে প্রকাশিত হয়েছে। এসময়ে ৪,১০০ টি উদ্ভিদ নমুনার ডাটাবেজ তৈরি করা হয়েছে।

৫.৪.২ প্রধান কার্যক্রমসমমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. উদ্ভিদ সমীক্ষা কার্যক্রম (Botanical survey), উদ্ভিদ সনাক্তকরণ (Plant Identification) এবং উদ্ভিদ নমুনা সংরক্ষণ (Plant specimen preservation) কার্যক্রম বাস্তবায়ন	• ৩,০০০ টি উদ্ভিদ নমুনা সনাক্তকরণ • ৪,৫০০ টি উদ্ভিদ নমুনা সংগ্রহ ও সংরক্ষণ • ৩,০০০ টি উদ্ভিদের ডাটাবেজ প্রস্তুতকরণ	২

৫.৪.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. উদ্ভিদ নমুনা সংগ্রহ ও সংরক্ষণ	সংখ্যা	১,৪৫০	১,৫০০	১,৫০০	১,৫০০	১,৫০০	১,৫০০
২. উদ্ভিদ সনাক্তকরণ	সংখ্যা	১,০০০	১,০০০	১,০০০	১,১০০	১,২০০	১,২০০
৩. Flora of Bangladesh প্রকাশনা	সংখ্যা	নতুন ২টি পুনঃমুদ্রন ৪টি	০৩	০৩	০৩	০৩	০৩
৪. হারবেরিয়াম ডাটাবেজ প্রস্তুতকরণ	সংখ্যা	১,০০০	১,২০০	১,২০০	১,১০০	১,২০০	১,২০০

৫.৪.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৯৮,৬০	১,৩৩,৮৮	১,২৫,৭৩	১,২৩,৯৮	১,২৭,৫৯
উন্নয়ন	০	০	০	০	০
মোট	৯৮,৬০	১,৩৩,৮৮	১,২৫,৭৩	১,২৩,৯৮	১,২৭,৫৯

৫.৪.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১. বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম	১
অননুমোদিত কর্মসূচি	
১. রেড ডাটা বুক অব ভাস্কুলার প্লান্টস অব বাংলাদেশ, ভলিউম-২	১